মেহেরপুরে পুলিশের অভিযানে আন্ত:জেলা ডাকাত দলের তিন সদস্য গ্রেফতার

আন্তঃজেলা ডাকাত চক্রের ডাকাত সর্দারসহ ৩ সদস্যকে গ্রেফতার করেছে মেহেরপুর পুলিশ। এসময় ডাকাতির কাজে ব্যবহৃত দেশীয় অস্ত্র ও অন্যান্য মালামাল উদ্ধার করা হয়েছে।

গ্রেফতারকৃত ডাকাতরা হলো, রাজবাড়ি জেলার পাংশা উপজেলার সেনপাড়া কালিতলাপাড়া এলাকার ডাকাত দলের সর্দার মোঃ আলতাফ মন্ডল (৫৩), চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার বড়বোয়ালিয়া গ্রামের ডাকাত সর্দার রমজান আলী ও ডাকাতদলের অন্যতম নেতৃত্বস্থানীয় ডাকাত চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার মো: আসাদুল ইসলাম ওরফে শরিফুল ইসলাম।

তথ্য প্রযুক্তির সহায়তায় গাংনী থানা পুলিশ, জেলা গোয়েন্দা শাখা ও মেহেরপুর জেলা সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল একযোগে পৃথক অভিযান চালিয়ে এসব ডাকাতদের গ্রেফতার করে।

আজ শনিবার (৯ নভেম্বর) সকাল ১১ টার সময় পুলিশ সুপারের কনফারেন্স রুমে আয়োজিত প্রেসকনফারেন্স সাংবাদিকদের আনুষ্ঠানিক ভাবে মেহেরপুর পুলিশ সুপার (এসপি) মাকসুদা আকতার খানম, পিপিএম এই তথ্য জানান।

তিনি জানান, ডাকাত সর্দার মোঃ আলতাফ মন্ডলকে গত ৫ নভেম্বর রাতে রাজবাড়ি জেলার পাংশা উপজেলার সেনপাড়া কালিতলা বাজার থেকে গ্রেফতার করা হয়। এসময় তার কাছ থেকে ৭’শ টাকা ও মোবাইল ফোন জব্দ করা হয়।
ডাকাত সর্দার আলতাফের বিরুদ্ধে ৮ টি ডাকাতি মামলা ও ১ টি অস্ত্র মামলা আছে। গত ৬ নভেম্বর রাতে চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার বড়বোয়ালিয়া থেকে ডাকাত সর্দার রমজান আলীকে গ্রেফতার করা হয়। ডাকাত রমজানের বিরুদ্ধে ১ টি ডাকাতি ও ১ টি চুরির মামলা রয়েছে। ডাকাত মো: আসাদুল ইসলাম ওরফে শরিফুল ইসলামকে গত ৭ নভেম্বর রাত ১০ টার দিকে চুয়াডাঙ্গার আলমডাঙ্গার জিহালা গ্রামে অভিযান চালিয়ে গ্রেফতার করা হয়। ডাকাত আসাদুল ইসলাম ওরফে শরিফুল ইসলাম একটি হত্যা মামলার যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামি। এছাড়া তাঁর বিরুদ্ধে

একটি চুরির মামলা রয়েছে।

এসব ডাকাতদের গ্রেফতারের পর গত ৮ নভেম্বর বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়। তারা ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারায় স্বীকারোক্তি মূলক জবানবন্দী প্রদান করেন।

উল্লেখ্য, গত ২ নভেম্বর দিবাগত মধ্যরাতে মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের গাংনী উপজেলার শুকুরকান্দি নামক স্থানে রাস্তায় গাছ ফেলে ১০/১২ জন ডাকাত হাসুয়া করাতসহ দেশীয় অস্ত্র-শস্ত্র সজ্জিত হয়ে কুষ্টিয়ার দিক থেকে আসা ড্রামট্রাক, আলমসাধু, হানিফ পরিবহন ও কুষ্টিয়াগামী ড্রাম ট্রাক ও অন্যান্য যানবাহন আটকিয়ে গাড়ির ড্রাইভার, হেলপার এবং সাধারণ যাত্রীদের দেশীয় অস্ত্রের মুখে জিম্মি করে নগদ টাকাসহ অন্যান্য মালামাল ছিনিয়ে নেয়।

এসময় ড্রাম ট্রাকের এক চালক ও এক হেলপারকে হাসুয়া দিয়ে কুপিয়ে রক্তাক্ত জখম করে। এই ঘটনায় অজ্ঞাতনামা ১০/১২ জন ডাকাতদের বিরুদ্ধে গাংনী থানায় একটি মামলা করা হয়। যার মামলা নং ০২, তাং- ০২/১১/২০২৪, ধারা- ৩৯৫/৩৯৭ পেনাল কোড।

এসময় মেহেরপুর এডিশনাল এসপি আবদুল করীমসহ পুলিশের কর্মকর্তারা ও স্থানীয় সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে মাইক্রোবাসের ধাক্কায় প্রাণ গেল যুবকের

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের রাজনগরে মাইক্রোবাসের ধাক্কায় নাহিদুজ্জমান (৩০) নামের এক যুবক নিহত হয়েছেন।

গতকাল শুক্রবার (৮ নভেম্বর) দিবাগত রাত ১১ টার দিকে ওই সড়কের সদর উপজেলার রাজনগরে এই দুর্ঘটনা ঘটে।

নিহত নাহিদুজ্জামান রাজনগর মোল্লাপাড়া এলাকার সামসুল হকের ছেলে।

মেহেরপুর সদর থানর ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আমানুল্লাহ আল

বারী এই তথ্য নিশ্চিত করেন।

আরও পড়ুন মেহেরপুর পৌর গোল্ড কাপ ক্রিকেট টুর্নামেন্ট অংশগ্রহণের লক্ষে প্রস্তুতি সভা

স্থানীয়রা জানান, রাত ১১ টার দিকে নিহত নাহিদুজ্জামান রাস্তার পাশে দাঁড়িয়ে ছলেন। এসময় মেহেরপুর থেকে চুয়াডাঙ্গার দিকে যাওয়া দ্রুতগামী একটি মাইক্রোবাস তাঁকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়।

নাহিদুজ্জামান মাইক্রোবাসের ধাক্কায় রাস্তার উপর ছিটকে পড়ে গুরুতর আহত হন। আহতাবস্থায় তাঁকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

আরও পড়ুন মেহেরপুরে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত

মেহেরপুর জেনারেল হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক জানান, অতিরিক্ত রক্তক্ষরণে তার মৃত্যু হয়েছে।

ওসি আমানুল্লাহ আল বারী বলেন, পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় নিহতের মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুর পৌর গোল্ড কাপ ক্রিকেট টুর্নামেন্ট অংশগ্রহণের লক্ষে প্রস্তুতি সভা

আগামী ২২ নভেম্বর শুরু হচ্ছে মেহেরপুর পৌর গোল্ড কাপ ক্রিকেট টুর্নামেন্ট। মেহেরপুর পৌরসভার ৯ টি ওয়ার্ড ভিত্তিক টিম নিয়ে এ টুর্নামেন্টটি অনুষ্ঠিত হবে।

গত বছরে অনুষ্ঠিত টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয়েছিল ৭ নম্বর ওয়ার্ড। এবারেও সেই ফলাফলের ধারাবাহিকতা ধরে রাখার জন্য ওয়ার্ডের ক্রীড়ামোদীরা প্রস্তুতি সভা করেছেন।

আজ শুক্রবার (০৮ নভেম্বর) সন্ধ্যা সাড়ে ছয়টায় মেহেরপুর মল্লিকপাড়া চত্বরে খেলোয়াড়, কর্মকর্তা ও সমর্থকদের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সর্বসম্মতভাবে টুর্নামেন্টে অংশগ্রহণসহ দলকে জেতানোর জন্য আন্তরিকভাবে সকল ধরনের সহযোগিতা করার অঙ্গীকার ব্যাক্ত করেন। একই সাথে ০৭ নম্বর ওয়ার্ডবাসীর সার্বিক সমর্থন ও সহযোগিতা কামনা করেন।

সভায় উপস্থিত ছিলেন – মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা মাহাবুব চান্দু, মুজিবনগর উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক মন্টু, মামুন চপল, আবু তালেব, ঠিকাদার জাকির হোসেন খান মিন্টু, ৭ নম্বর ওয়ার্ড কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব, ব্যবসায়ী মেহেদী হাসান রোলেক্স, ফিরোজ হোসেন, আলমগীর হোসেন, খালেছুর রহমান, বাবলু, পথিক, মিলন, জিকো, রাজ, শিবলি, সাওন, জিকো প্রমুখ।

মেহেরপুরে জামায়াতে ইসলামীর কর্মী সমাবেশ

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়ন শাখার আয়োজনে কর্মী সমাবেশ ২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (০৮ নভেম্বর) বিকেল ৪ টার দিকে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের বালক সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে এ কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে কোরআন তেলাওয়াত ও ইসলামী সংগীত পরিবেশন করা হয়।

বাংলাদেশ জামায়াতে ইসলামী আমঝুপি ইউনিয়নের আমীর আলমগীর কবিরের সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা সেক্রেটারি মোঃ ইকবাল হুসাইন।

বাংলাদেশ জামায়াতে ইসলামী আমঝুপি ইউনিয়নের সাধারণ সম্পাদক মোঃ সাইফুল ইসলাম সঞ্চালনায় ও তিরাইল কলেজের অধ্যাপক রাকিবুল ইসলাম মুক্তের পরিচালনায় সমাবেশে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা আমীর মাওঃ সোহেল রানা, সাধারণ সম্পাদক মোঃ জাব্বারুল ইসলাম মাস্টার, জেলা রাজনৈতিক সেক্রেটারি মাওঃ কাজী রুহুল আমিন।

এছাড়াও এসময় বাংলাদেশ জামায়াতে ইসলামীর বিভিন্ন ইউনিয়নের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা ব্যাপী ফিউচার ক্যাডেট মেধাবৃত্ত পরীক্ষা অনুষ্ঠিত

মেহেরপুর জেলা ব্যাপী চতুর্থ ও পঞ্চম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের ফিউচার ক্যাডেট মেধাবৃত্ত পরীক্ষা ২০২৪ আয়োজন করা হয়েছে।

আজ শুক্রবার (০৮ নভেম্বর) সকাল দশটার সময় মেহেরপুর শাখা ফিউচার ক্যাডেট একাডেমি মেহেরপুর জেলা ব্যাপী চতুর্থ ও পঞ্চম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের ফিউচার ক্যাডেট মেধাবৃত্ত পরীক্ষার কেন্দ্র জিনিয়াস ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন দৌলতখালী কলেজের প্রভাষক আব্দুল মুনিম, ফিউচার ক্যাডেট একাডেমি, শিক্ষক আশিকুর রহমান, শামীম রেজা, রাকিবুল ইসলাম, হামিমা আক্তার, সাহাবুল ইসলাম, তনিসুর ইসলাম, ফাতেমা আক্তার প্রমুখ।

এর আগে ফিউচার ক্যাডেট একাডেমী পরীক্ষা পরিদর্শন করেন পরিচালক মফিজুর রহমান।

[redacted]

[redacted]

[redacted]

[

গ্রেফতার ১২

২৪ ঘন্টার অভিযানে মাদকসহ বিভিন্ন মামলায় ১২ জন আসামিকে গ্রেফতার করেছে মেহেরপুর পুলিশ। গ্রেফতারকৃতদের মধ্যে (নিয়মিত মামলা) মাদক মামলায় ৫ জন, পুরানো মামলায় ৩ জন আদালতের পরোয়ানাভূক্ত ৪ আসামি রয়েছে।

মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোলরুম এই তথ্য নিশ্চিত করেছেন।

গতকাল বৃহস্পতিবার সকাল থেকে আজ শুক্রবার (০৮ নভেম্বর) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থান থেকে এসব আসামি গ্রেফতার করা হয়।

গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে ৭ আসামি, মেহেরপুর সদর থানা পুলিশ ৩ জন ও মুজিবনগর থানা পুলিশ ২ জন আসামি গ্রেফতার করেছে।

মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবদুল করিম জানান, মেহেরপুর সদর, গাংনী, মুজিবনগর ও জেলা গোয়েন্দা পুলিশের পৃথক টিম জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেছেন। গ্রেফতারকৃত আসামিদের আজ শুক্রবার (৮ নভেম্বর) আদালতে নেওয়া হবে।

মুজিবনগরে ব্লাড ব্যাংক সংগঠনের পরিচিতি সভা ও কমিটি গঠন

মুজিবনগরে আর্ত মানবতার সেবাই মুমূর্ষ রোগীদের স্বেচ্ছায় রক্তদানের উদ্দেশ্যে ২০১২ সালে গঠিত স্বেচ্ছাসেবী সংগঠন মুজিবনগর ব্লাড ব্যাংক এর পরিচিতি সভা এবং নতুন কমিটি গঠন অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (০৮ নভেম্বর) বিকালে মুজিবনগর মুক্তিযুদ্ধ কমপ্লেক্স পর্যটন মোটেলে এ পরিচিতি সভা অনুষ্ঠিত হয়।

পরিচিতি সভা শেষে আগামী ২ বছরের জন্য ইকবাল হোসেনকে সভাপতি ও সাহাজ সাব্বিরকে সাধারন সম্পাদক করে ২১ সদস্য বিশিষ্ঠ কমিটি গঠন করা হয়।

বাকী সদস্যরা হলেন, সহসভাপতি বায়োজীদ মোল্লা, সাংগঠনিক সম্পাদক রিয়াজ, কোষাধক্ষ শাহীন, প্রচার সম্পাদক বায়োজিদ, দপ্তর সম্পাদক পারভেজ। কার্যনির্বাহী কমিটির অন্য সদস্যরা হলেন, সজীব, নাহিদ, রবিউল ইসলাম, আকাশ, তন্ময়, মোতাহার, শিলন, মাহাফুজুর রহমান, ইমরান, লিংকন, রিয়াদ,ফয়সাল হোসেন, তূর্য ক্যামী, তোফিক।

এ সময় বক্তব্য রাখেন নবাগত কমিটির উপদেষ্টা এসএম ফিরোজুর রহমান, হাসান মুস্তাফিজুর রহমান, সাইমন মন্ডল, খাইরুল বাশার, ওয়াসিম শেখ, ইমরান, শাহেদ পালু প্রমুখ।

কমিটি শেষে ব্লাড ব্যাংক সংগঠনের সকল সদস্যরা বিনামূল্যে রক্তদানসহ গরীব অসহার রোগীদের রক্ত দানে সহায়তা করতে এগিয়ে আসবে বলে আশা ব্যক্ত করেন।

গাংনীতে চার কেজি গাঁজাসহ আটক ১

মাদক বিরোধী অভিযান চালিয়ে ৪ কেজি গাঁজা সহ একজনকে আটক করেছে বামন্দী পুলিশ ক্যাম্পের সদস্যরা।

আজ বৃহস্পতিবার (০৭ নভেম্বর) সন্ধ্যা ৬ টার দিকে ধাওয়া করে দেবীপুর বাজারে সিএনজিসহ আটক হন একজন মাদক কারবারি। আটককৃত সিএনজি চালক মিলন শাহা গাংনী উপজেলার রামনগর গ্রামের ফজলু শাহ-র ছেলে।

গাংনীর বামন্দী পুলিশ ক্যাম্পের উপপরিদর্শক আবুল কালাম আজাদ জানিয়েছেন, মাদক পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর জেলার গাংনী উপজেলার বামন্দী ইউনিয়নের দেবীপুর বাজারে সহকারী উপপরিদর্শক দেবদাস কুমারসহ সঙ্গীয় সদস্যদের নিয়ে

চেকপোষ্ট বাসিয়ে সড়কে চলাচলকৃত গাড়ি তল্লাশী করছিল। ঐসময় একটি সিএনজি পুলিশের চেকপোষ্ট অমান্য করে দ্রুত গতিতে চলে আসে। পুলিশ সদস্যরাও বাইক নিয়ে ধাওয়া করে সিএনজিটিকে। বামন্দী বাজারে এসে সিএনজির একটি চাকা পাংছার হলে গাড়িতে থাকা আর একজন পালিয়ে যায়। তখন পুলিশ সদস্যরা গাড়িটি আটকে ফেলে সিএনজির ভিতরে কালো পলিথিনে মোড়ানো তিনটি প্যাকেট থেকে ৪ কেজি গাজা উদ্ধার করে।

আগামীকাল শুক্রবার আটককৃতের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা শেষে আদালতের মাধ্যমে কারাগারে প্রেরন করা হবে।

মেহেরপুরে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত

ঐতিহাসিক ৭ই নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালন করেছে মেহেরপুর পৌর ও সদর উপজেলা বিএনপি।

আজ বৃহস্পতিবার (৭ নভেম্বর) বিকেলে দিবসটি উপলক্ষে উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে শহরের কলেজ মোড়ে এক সমাবেশের আয়োজন করা হয়।

সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজনের সভাপতিত্বে ও পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় সমাবেশ প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপি’র সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, দেশে কোন প্রকার ষড়যন্ত্র বরদাস্ত করা হবে না। যারা ষড়যন্ত্র করবে তাদের দাঁত ভাঙ্গা জবাব দিতে হবে। দেশপ্রেমিক সেনাবাহিনী ও পুলিশকে সহযোগিতা করার জন্য নেতাকর্মীদের জানান।

সমাবেশের পরে, মেহেরপুর সরকারি কলেজ মোড় থেকে একটি বিশাল মিছিল বের হয়। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে শহীদ শামসুজ্জোহা পার্কে এসে শেষ হয়।

এসময় জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, ইলিয়াস হোসেন,